

## পূরণকৃত UID তথ্য ফরমের সাথে শিক্ষার্থীদের নিম্নোক্ত ডকুমেন্ট সংযুক্ত করে দিতে হবে

- (১) শিক্ষার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি (সাদা ব্যাকগ্রাউন্ড রঙ্গিন ছবি, পূর্ণ সমুখভাগ থেকে তোলা যাতে শিক্ষার্থীর দুই কান ও দুই চোখ একই সাথে দৃশ্যমান হয়) তথ্যছকের যথাস্থানে সংযুক্ত করতে হবে। সংযুক্ত ছবির পিছনে শিক্ষার্থীর পূর্ণ নাম লিখতে হবে।
- (২) শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ (Birth Registration Certificate) এর অনুলিপি;
- (৩) শিক্ষার্থীর মাতা, পিতা এবং প্রযোজ্যক্ষেত্রে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি;
- (৪) শিক্ষার্থীর মাতা, পিতা এবং প্রযোজ্যক্ষেত্রে অভিভাবকের জন্ম নিবন্ধনের অনুলিপি (যদি থাকে);

### পূর্ববর্তী শ্রেণির ফলাফল:

৫ম শ্রেণির সমাপনী/বার্ষিক পরীক্ষার ফলাফলের অনুলিপি প্রদান করতে হবে।

## UID তথ্য ফরম পূরণের প্রয়োজনীয় সতর্কতা:

শিক্ষার্থীরা তাদের ইউনিক আইডি সংগ্রহের জন্য অবশ্যই সতর্কতা অবলম্বন করে ফরমটি পূরণ করতে হবে। সেগুলো নিচে আলোচনা করা হল

**১. শিক্ষার্থীদের মৌলিক তথ্য প্রদান:** শিক্ষার্থীরা তাদের ইউনিক আইডি ফরমে তাদের মৌলিক তথ্যাদি যেমন- নাম ও জন্ম তারিখ অবশ্যই তাদের অনলাইন জন্ম নিবন্ধন অনুসরণ করে প্রদান করতে হবে।

কারও যদি অনলাইন জন্ম নিবন্ধন না থাকে তাহলে অবশ্যই রেজিষ্টারের কার্যালয় থেকে দ্রুততম সময়ের মধ্যে জন্মনিবন্ধন সনদ সংশোধন করে নিতে হবে। যা অনলাইন জন্ম নিবন্ধন পোর্টালে থাকবে।

**২. পিতা ও মাতার তথ্য প্রদান:** শিক্ষার্থীদের পিতা ও মাতার তথ্য অবশ্যই পিতা ও মাতার জাতীয়পরিচয়পত্র অনুসরণ করে লিপিবদ্ধ করতে হবে। যদি কারও তথ্য পিতা মাতার আইডি কার্ডের সাথে না মেলে তাহলে তা সংশ্লিষ্ট কার্যালয় থেকে সংশোধন করে নিতে হবে।

**৩. শিক্ষা ও অন্যান্য তথ্যাদি:** যথাযথ সতর্কতা অনুসরণ করে শিক্ষার্থীরা তাদের পূর্ববর্তী ও বর্তমান শিক্ষাগত তথ্য প্রদান করবেন। শ্রেণি শিক্ষক ও প্রতিষ্ঠান প্রধান তা দেখে সত্যায়ন করবেন।